



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

### জরুরি বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/১১৯

তারিখ: ০৩-১২-২০২৪ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ শ্রেণি ২০২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের নিকট হতে অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য ভর্তিকালীন সময়ে ফিস গ্রহণ

সূত্র : ১। শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং : ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬ (অংশ-১) ২২০ তারিখ : ২৩-১০-২০২২খ্রি.  
২। স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২)১২৮৬ তারিখ : ০১-০৮-২০২৪খ্রি.

ক) উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) শিক্ষার্থী ভর্তি নীতিমালা'র উপানুচ্ছেদ ১০.৬ এ অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য ভর্তিকালীন সময়ে শিক্ষার্থী প্রতি ১০০/- টাকা (৭০/- টাকা অবসর এবং ৩০/- টাকা কল্যাণ তহবিলের জন্য) গ্রহণ করে সংশ্লিষ্ট হিসাব খাতে জমা প্রদান করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে।

খ) এমতাবস্থায়, ২০২৫ শিক্ষাবর্ষ হতে বেসরকারি মাধ্যমিক স্তরে নতুন শিক্ষার্থী ভর্তির সময় শিক্ষার্থী প্রতি গৃহীতব্য ১০০/- (একশত) টাকা প্রত্যক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান পৃথক ব্যাংক হিসাবে গচ্ছিত রাখা এবং ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রম শুরুর পূর্বেই নির্দিষ্ট শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থী ভর্তির সময় উক্ত খাতে গচ্ছিত সমুদয় অর্থ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবশ্যিকভাবে যশোর শিক্ষা বোর্ডের নির্ধারিত তহবিলে জমা প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(ড. মোঃ কামরুজ্জামান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০৩/১১৯

তারিখ: ০৩-১২-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো-

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

A. Alim  
03.12.2024

(মোঃ আহসান আলীম)

উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন : ০২৪৭৭৭৬২৭২৮

মোবাইল : ০১৭২১-৭৫৭০৭৮